
তারিখ ··· 03 MAY 2016
পৃষ্ঠা ··· ২৮ ··· কলাম ··· ৭
টেকলাইন

সমকাল

# পড়াশোনার সব সেবা নিয়ে এসেছে ই-বইঘর ডটকম

টেকলাইন প্রতিবেদক

শুধু বই নয়, পড়াশোনার ক্ষেত্রে প্রয়োজনীয় সব কিছু পাওয়া যাচ্ছে ই-বইঘর.কম-এ। ডটকম দুনিয়ায় দেশি এই পোর্টালটিতে রয়েছে অর্ধ লক্ষাধিক বই। সব ধরনের একাডেমিক এবং নন-একাডেমিক পাঠ্যবইয়ের পাশাপাশি শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় বিজ্ঞান প্রকল্প তৈরিতে ব্যবহৃত




সরঞ্জাম, প্রকৌশল বিভাগের শিক্ষার্থীদের ব্যবহৃত যন্ত্রপাতি, অ্যাসাইনমেন্ট পেপার, মেডিকেল শিক্ষার্থীদের জন্য প্রয়োজনীয় টুলস, অ্যাপ্রন কী নেই ই-বইঘরে। তবে এত আয়োজনের ভিড়ে নজর কাড়ে একাডেমিক বই। প্রাথমিক থেকে উচ্চ মাধ্যমিকসহ এই অনলাইন লাইব্রেরিতে রয়েছে এ-ও লেভেলের বই। এর মধ্যে মেডিকেল এবং প্রযুক্তি বইয়ের আধিক্য চোখে পড়ার মতো। আছে ঘরে বসেই বইয়ের পাশাপাশি অ্যাপ্রন, বিজ্ঞান প্রকল্প বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সরঞ্জাম সংগ্রহের ব্যবস্থাও। একেবারেই সাদামাটা এই অনলাইন লাইব্রেরিতে রয়েছে মোট বেশ কয়েকটি জোন বা বিভাগ। এর মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে– অ্যাকাডেমিক, প্রশ্নব্যাংক, এইচএসসি/এ-লেভেল, এসএসসি/ও-লেভেল এবং গল্প উপন্যাস ও অন্যান্য বিভাগ। প্রচ্ছদ পাতাতেই মিলবে মেডিকেল, কম্পিউটার, ইন্টারনেট ও আউটসোর্সিং এবং ইসলাম ধর্মীয় বই। পছন্দের বা প্রয়োজনীয় বই খুঁজে পেতে সার্চ অপশনের পাশাপাশি শুরুতেই রয়েছে বিষয়, লেখক এবং প্রকাশনা অনুযায়ী আরাধ্য বইটি খুঁজে পাওয়ার জন্য বাংলা ও ইংরেজি বর্ণভিত্তিক তালিকা। তালিকার মোট ৮০টি ভাগে মিলবে হিসাববিজ্ঞান, স্থাপত্য, বাংলাদেশ স্টাডিজ, বিজনেস, অর্থনীতি, নৃ-বিজ্ঞান, প্রকৌশলী, ভূগোল, গ্রাফিক্স ডিজাইন, আত্মজীবনী ইতিহাস, মুক্তিযুদ্ধ, হোটেল ম্যানেজমেন্ট, বিজ্ঞান-প্রযুক্তি, গণিত, কবিতা, প্রবন্ধ, মেডিটেশন ও আত্ম উন্নয়ন, বৈজ্ঞানিক কল্পকাহিনী, আইন, রম্য, রহস্য উপন্যাস, গোয়েন্দা কাহিনী, অনুবাদ, ম্যাগাজিন, সাধারণ জ্ঞান, সাহিত্যসহ অর্ধশতাধিক ক্যাটাগরির বই। আছে প্রথম শ্রেণী থেকে শুরু করে বিশ্ববিদ্যালয়, কিন্ডারগার্টেন ও মাদ্রাসার বইও। মিলবে অভিধান, আইইএলটিএস, গ্রি-জিম্যাট, স্যাট, শিশু-কিশোর সাহিত্য, ভৌতিক, কমিকস, রূপকথার বইও।

ই-বইঘর ওয়েবসাইটে অ্যাকাডেমিক বিভাগে মেডিকেল বইয়ের প্রাধান্য লক্ষ্যণীয়। প্রশ্নব্যাংক বিভাগে বিসিএস ছাড়াও বিভিন্ন প্রতিযোগিতামূলক ও চাকরি পরীক্ষায় বিশেষ করে ব্যাংক নিয়োগের প্রশ্নোত্তর বিষয়ক বই উল্লেখযোগ্য। আর বইয়ের বাইরেও মেডিকেল ইক্যুইপমেন্ট ট্যাবে গিয়ে ঘরে বসেই অ্যাপ্রনসহ অন্যান্য মেডিকেল টুল সংগ্রহের সুযোগ রয়েছে। ওয়েবের প্রিন্টিং ও বাইন্ডিং বিভাগ থেকে সহজেই অ্যাসাইনমেন্ট ও থিসিস পেপার ছাড়াও যে কোনো প্রয়োজনীয় ডকুমেন্ট প্রিন্ট ও বাঁধাই সেবাও দেওয়া হচ্ছে। আর ঘরে বসেই কীভাবে এই ই-সেবা মিলবে তার সচিত্র বিবরণ রয়েছে ই-বই ঘরের 'হাউ টু বাই বুকস' ট্যাবে। এখানে বাংলা ও ইংরেজি উভয় ভাষাতেই ব্যবহারকারী যেন সহজেই চাহিদাপত্র পাঠাতে পারেন তার নির্দেশনা দেওয়া হয়েছে। অনলাইনে ছাড়াও এখানে রয়েছে হেল্পলাইন নম্বর ০১৯১৮৯৯৩৩২২, ০১৮২২১০০০০০, ০১৭৯৫৪০১০১০। শিগগির চালু হতে যাচ্ছে ই-বইঘর মোবাইল অ্যাপ। এখানে ডিজিটাল ক্লাস সুবিধাও চালু করা হবে বলে জানান পোর্টালটির সহ-প্রতিষ্ঠাতা মোস্তাফিজুর রহমান। তিনি জানান, কেবল বই নয়, আমরা শিক্ষার্থীদের পূর্ণাঙ্গ সেবা দিতে কাজ করছি। শিক্ষার্থীদের গবেষণা উপকরণগুলোও তাদের হাতের নাগালে পৌঁছে দিচ্ছি। বিভিন্ন বিজ্ঞান মেলায় তরুণ গবেষক বা খুদে বিজ্ঞানীরা যেন তাদের প্রকল্পগুলো বাস্তবায়ন করতে পারে সে জন্য তাদের প্রয়োজনীয় সহযোগিতা দিচ্ছি।